

N-13/ODD/BNGH-502/011

TDC Odd Semester Examination, 2013

BENGALI

(Honours)

(5th Semester)

Course No. : BNGH-502

(ভারতীয় সাহিত্যতত্ত্ব)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পার্স্বছ সংখ্যা পূর্ণমান নির্দেশক

১। ‘কাব্য জিজ্ঞাসা’ গ্রন্থটির রচয়িতা কে? ‘ধ্বনি’ই কাব্যের আত্মা বলে যে আলংকারিকেরা মনে করেন, তাঁদের মতামত বিশ্লেষণ করো। ১+১৩=১৪

অথবা

২। কাব্য সৃষ্টিতে ভারতীয় আলংকারিকেরা বঙ্গোক্তিবাদকে কতটা প্রাধান্য দিয়েছেন, তা আলোচনা করো। ১৪

৩। ‘মেঘদূত’ প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? “এই স্বল্পায়তন নিবন্ধটি বিশ্লেষণ করলে দেখা যাবে, এক বর্ষণমুখর অপরাহ্নে এই কাব্য পাঠের সঙ্গে সঙ্গে তাঁর মনও উধাও হয়ে গেছে কালিদাসের কালে।” সমালোচকের এই মন্তব্য কতদূর যথার্থ তা ‘মেঘদূত’ নিবন্ধটি অবলম্বনে আলোচনা করো।

১+১৩=১৪

অথবা

৪। রবীন্দ্রনাথের ‘প্রাচীন সাহিত্য’ গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল? “‘কুমারসম্ভব ও শকুন্তলা’ নিবন্ধে রবীন্দ্রনাথ শুধু সাহিত্য শিল্প ও রসগত প্রশ্নগুলি বিবেচনা করেননি, জীবনের মহত্তর উদ্দেশ্য কী সেই দিকটির কথাই তাঁর সময়ের দেশ-কালের পটভূমিতে বলতে চেয়েছেন।” মন্তব্যটি আলোচনা করো।

১+১৩=১৪

৫। ‘শব্দ আর সত্য’ গ্রন্থটিতে মোট কয়টি প্রবন্ধ আছে? “প্রতিষ্ঠানকে ভাঙতে চাওয়া যৌবনের ধর্ম।” শঙ্খ ঘোষের ‘শব্দ আর সত্য’ প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য আলোচনা করো।

১+১৩=১৪

অথবা

৬। ‘শব্দ আর সত্য’ গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল? “শ্রেষ্ঠ কবিতা তাই একই সঙ্গে আমাদের অচেনা আর চেনা।” ‘রুচির সমগ্রতা’ প্রবন্ধ অবলম্বনে শঙ্খ ঘোষের এই মন্তব্যের সত্যতা আলোচনা করো।

১+১৩=১৪

৭। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) :

৪X২=৮

(ক) ‘রীতিরাত্মা কাব্যস্য’ --- তাৎপর্য লেখো।

(খ) আলম্বন বিভাব ও উদ্দীপন বিভাব কাকে বলে?

(গ) ‘কাব্যের উপেক্ষিতা’ প্রবন্ধে উপেক্ষিতা কারা? যে কোনো একজনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) কবিতার মিল নিয়ে শঙ্খ ঘোষের ভাবনার পরিচয় দাও (কবি আর তার উপাদান)।

14J---800/163

N-13/ODD/BNGH-502/011